

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৯৭

১/ বিবিধ

আরবী

نعم، خصال أربع: الدعاء لهما، والاستغفار لهما، وإنفاذ وعدهما، وصلة الرحم التي لا  
رحم لك إلا من قبلهما. قاله لمن سأله: هل بقي من بر أبي شيء بعد موتها أبرهما  
به؟

ضعيف

رواه أبو بكر ابن أبي شيبة في "الأدب" (1 / 151 / 1 - 2) : حدثنا الفضيل بن  
دكين: حدثنا ابن الغسيل: حدثني أسيد بن علي مولى أبي أسيد عن أبيه أنه سمع أبا  
أسيد قال: بينما أنا جالس عند النبي صلى الله عليه وسلم  
أتاه رجل من بني سلمة فقال: يا رسول الله هل بقي.... الحديث. ورواه الروياني في  
مسنده " (1 / 251) والخطيب في "الموضح" (1 / 41 - 42) والواحدي (2 / 153)  
وأبو عبد الرحمن السلمي في "آداب الصحبة" (ص 41) من طرق أخرى عن عبد  
الرحمن بن الغسيل به

وقد تابعه موسى بن يعقوب عن أسيد به إلا أنه قال: "أسيد" بالضم. أخرجه الخطيب  
وأشار إلى أنه خطأ وأن الصواب "أسيد" كما رواه ابن الغسيل. قلت: وهذا إسناد  
ضعيف، رجاله ثقات كلهم، غير علي مولى أبي أسيد لم يوثقه غير ابن حبان، ولم يرو  
عنه غير ابنه أسيد، ولهذا قال الذهبي: لا يعرف"، وأشار إلى ذلك الحافظ بقوله:  
مقبول". وعنه رواه أبو داود (5142) وابن ماجه (3664) وأحمد (3 / 497 - 498)  
وابن حبان (2030)

## বাংলা

৫৯৭। হ্যাঁ; চারটি খাসলত রয়েছে। উভয়ের জন্য দোআ করা। উভয়ের জন্য ক্ষমা প্রার্থনা করা। উভয়ের অঙ্গীকার বাস্তবায়ন করা। উভয়ের পক্ষ হতে তোমার একমাত্র আত্মীয়তার বন্ধনকে রক্ষা করা। তিনি উক্ত বাক্যগুলো সেই ব্যক্তিকে বলেছিলেন, যে তাকে প্রশ্ন করেছিলঃ আমার পিতা-মাতার মৃত্যুর পর তাদের দু'জনের জন্য সদ্ব্যবহার মূলক কিছু করার আছে কী যা দ্বারা তাদের দু'জনের জন্য কল্যাণকর কিছু করতে পারি?

হাদীছটি দুর্বল।

এটি আবু বাকর ইবনু আবী শায়বাহ "আল-আদাব" (১/১৫১/১-২) গ্রন্থে ফুয়ায়েল ইবনু দুকায়েন হতে তিনি ইবনুল গাসীল হতে তিনি আসীদ ইবনু আলী হতে ... বর্ণনা করেছেন।

এ ছাড়া রুওয়ানী তার "মুসনাদ" (১/২৫১) গ্রন্থে, আল-খাতীব "আল-মুওয়াযযাহ" (১/৪১-৪২) গ্রন্থে, আল-ওয়াহেদী (২/১৫৩) এবং আবু আবদির রহমান সুলামী "আদাবুস সুহবাহ" (পৃঃ ৪১) গ্রন্থে অন্য সূত্রে আব্দুর রহমান ইবনুল গাসীল হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। আলীকে ইবনু হিব্বান ছাড়া অন্য কেউ নির্ভরযোগ্য বলেননি। আর আলীর ছেলে আসীদ ছাড়া তার থেকে অন্য কেউ হাদীছটি বর্ণনা করেননি। এ কারণেই ইমাম যাহাবী বলেনঃ তাকে চেনা যায় না। হাফয ইবনু হাজার মাকবুল বলে সে দিকেই ইঙ্গিত করেছেন। তার থেকেই হাদীছটি আবু দাউদ (৫১৪২), ইবনু মাজাহ (৩৬৬৪), আহমাদ (৩/৪৯৭-৪৯৮) ও ইবনু হিব্বান (২০৩০) বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71476>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন